

ফিগার  
২৫

# কারিগরি শিক্ষা বোর্ড পাসের হার ৫১.০৮ জিপিএ ৫ পেয়েছে ২৫ জন

স্টাফ রিপোর্টার : মাধ্যমিক পর্যায়ে সাধারণ শিক্ষার পাশাপাশি বৃত্তিমূলক শিক্ষা এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার ফলাফলও গতকাল প্রকাশিত হয়েছে। এ বছর এসএসসি (ভোকেশনাল)-এ পাসের হার শতকরা ৫১.০৮। এর মধ্যে ছাত্রদের পাসের হার শতকরা ৫১.০২ এবং ছাত্রীদের পাসের হার শতকরা ৫০.৫১। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬৪৬০৭ জন। এদের মধ্যে ছাত্র ৪৪৯৭৮ জন ও ছাত্রী ১৯৬২৯ জন।

## কারিগরি শিক্ষা বোর্ড

এতে পঠার পর  
জিপিএ ৫ পেয়েছে মোট ২৫ জন। এদের মধ্যে ছাত্র ১৩ জন ও ছাত্রী ১২ জন। এ বছর এসএসসি (ভোকেশনাল)-এ ৩২টি ট্রেডে দেশের ১১টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ৩০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, ১টি গ্রাম এন্ড সিরামিক ইন্সটিটিউট এবং ১২০২টি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সহ মোট ১৩৬৮টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষার্থীরা এভাবে জরুরি পরীক্ষায় অংশ নেন।  
এসব প্রতিষ্ঠান থেকে প্রাকগবর্ডীয়া জেলার নবীনগর থানার তোফায়েল আলী টেকনিক্যাল স্কুল এ কলেজে পাসের হার শতকরা ১০০। মোট ৫০ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছে। ২৮টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি। সবচেয়ে বেশী পাসের হার আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোকেড ট্রেডে। এ ট্রেডে পাসের হার শতকরা ৭৪.৭৯। এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা ২০০৭-এ ২০০৬ সালের তুলনায় পরীক্ষার্থীর সংখ্যা বাড়লেও পাসের হার শতকরা হার কমেছে। ২০০৬-এ পরীক্ষার্থী সংখ্যা ছিল ৪৮,৩০৯ জন আর ২০০৭-এ ৬৪,৬৩৭ জন। ২০০৬-এ পাসের হার ছিল শতকরা ৬১.০৭ আর ২০০৭-এ পাসের হার শতকরা ৫১.০৮।